গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর গোপনীয় শাখা।
(www.dcbogra.gov.bd)

স্মারক ন.-০৫.৫০.১০০০.০২৯.২৩.০০১.২৪.৪৯

তারিখ ঃ ০৪ চৈত্র ১৪৩০ ব. / ১৮ মার্চ ২০২৪ খ্রি.

বিষয় : জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের কার্যালয়ের (সাধারণ শাখা) ১০ মার্চ ২০২৪ তারিখের ০৫.৫০.১০০০.০০৬.০২.০০২.২৪.২৯৭ নং সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর কর্মসূচি প্রণয়নে সিদ্ধান্ত-০১ এ ২০/০৩/২০২৪ তারিখ থেকে ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ২০/০৩/২০২৪ তারিখ থেকে ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।

১৮/০৩/২৪
মোছাঃ আফসানা ইয়াসমিন
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বগুড়া
টেলিফোন : ০২৫৮৮৯০০০২৬(দাপ্তরিক)

১। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
৩। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া।
৪। সহকারী কমিশনার (গোপনীয়) ।জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
বগুড়া
(সাধারণ শাখা)
www.bogra.gov.bd

## ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ সাইফুল ইসলাম<br>জেলা প্রশাসক, বগুড়া |
| সভার স্থান | : | জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ 'করতোয়া' |
| তারিখ | : | ২৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.৩০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সুধীবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে ও মহান মুক্তিযুদ্ধে দেশের জন্য আত্মদানকারী সকল বীর শহিদকে। তিনি বলেন মহান মুক্তিযুদ্ধ হচ্ছে জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন। এ বছর পবিত্র রমজান মাসে ২৬ মার্চ উদযাপিত হচ্ছে বিধায় রমজান মাসের পবিত্রতা বজায় রেখে জাতীয় কর্মসূচির আলোকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৫ মার্চ গণহত্যা দিবস পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৪ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। সভাপতি দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত সকলের মূল্যবান পরামর্শ ও সুচিন্তিত মতামত প্রদানের আহ্বান করেন।

### সিদ্ধান্ত ০১ : কর্মসূচি প্রণয়ন

২৫ মার্চ গণহত্যা দিবস, ২০২৪ পালনের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দ তাঁদের মূল্যবান পরামর্শ ও প্রস্তাবনা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে জাতীয় কর্মসূচির আলোকে নিম্নরূপ কর্মসূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ

| তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২০/০৩/২০২৪ থেকে ২৫/০৩/২০২৪ খ্রি. পর্যন্ত<br>(সুবিধাজনক সময়ে) | স্কুল/ কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/ বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা | স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br>২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া<br>৩. জেলা শিক্ষা অফিসার, বগুড়া<br>৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া<br>৫. সিনিয়র তথ্য অফিসার, বগুড়া |
| ২৫/০৩/২০২৪ খ্রি. সকাল ১০.৩০ টা | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা এবং গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | মুজিব মঞ্চ, সাতমাথা | সংশ্লিষ্ট উপকমিটি |
| ২৫/০৩/২০২৪ খ্রি. দুপুর ১২.০০ টা থেকে | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/ প্রামাণ্যচিত্র প্রদর্শনী | মুজিব মঞ্চ, সাতমাথা | সংশ্লিষ্ট উপকমিটি |
| ২৫/০৩/২০২৪ খ্রি. বাদ যোহর/ সুবিধাজনক সময়ে | সারাদেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/ প্রার্থনা | মসজিদসহ অন্যান্য ধর্মাবলম্বীদের সকল উপসনালয় | প্রার্থনা উপকমিটি |
| ২৫/০৩/২০২৪ খ্রি. রাত ১০.০০ থেকে ১০.০১ মিনিট পর্যন্ত | সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/ জরুরী স্থাপনা ব্যতীত) | - | ১. নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো পিএলসি, বগুড়া<br>২. জেনারেল ম্যানেজার, বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, বগুড়া |

২৫ মার্চ গণহত্যা দিবস যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে পালন এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২৪ যথাযথ মর্যাদায় বিপুল উৎসাহ ও উদ্দীপনার সাথে উদ্‌যাপনের জন্য গৃহীত কর্মসূচিতে জেলার সকল বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণ ও সুধীজনকে উপস্থিত থাকার আহবান জানিয়ে এবং সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৩/২০২৪

(মোঃ সাইফুল ইসলাম)
জেলা প্রশাসক
বগুড়া
টেলিফোন-০২৫৮৯৯০০০২০ (অফিস)
ই-মেইল- dcbogura@mopa.gov.bd

কার্যবিবরণি নং -০৫.৫০.১০০০.০০৬.০২.০০২.২৪.২৬৭

তারিখ ঃ ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেঁজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৭. পুলিশ সুপার, বগুড়া
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
৯. সিভিল সার্জন, বগুড়া
১০. উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
১১. নির্বাহী প্রকৌশলী (সকল), বগুড়া
১২. অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব/শিক্ষা ও আইসিটি/সার্বিক) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
১৩. মেয়র, বগুড়া পৌরসভা, বগুড়া
১৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল),........................................ বগুড়া
১৫. ........................................................................
..............................................................................,বগুড়া

০৮/০৩/২০২৪

জেলা প্রশাসক
বগুড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর গোপনীয় শাখা।
(www.dcbogra.gov.bd)

স্মারক ন.-০৫.৫০.১০০০.০২৯.২৩.০০১.২৪.৪৯

তারিখ ঃ ০৪ চৈত্র ১৪৩০ ব. / ১৮ মার্চ ২০২৪ খ্রি.

বিষয় : জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের কার্যালয়ের (সাধারণ শাখা) ১০ মার্চ ২০২৪ তারিখের ০৫.৫০.১০০০.০০৬.০২.০০২.২৪.২৯৭ নং সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর কর্মসূচি প্রণয়নে সিদ্ধান্ত-০১ এ ২০/০৩/২০২৪ তারিখ থেকে ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ২০/০৩/২০২৪ তারিখ থেকে ২৫/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) স্কুল/কলেজ/মাদ্রাসা/কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ সভার কার্যবিবরণী।

১৮/০৩/২৪
মোছাঃ আফসানা ইয়াসমিন
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
বগুড়া
টেলিফোন : ০২৫৮৯৯০০০২৬(দাপ্তরিক)

১। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বগুড়া।
২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া।
৩। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া।
৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, বগুড়া।
Email: deobogra@gmail.com

স্মারক নং- ৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২৪/২৫৮(১২); তারিখঃ ১৯/০৩/২০২৪খ্রি.

০১। জেলা প্রশাসক, বগুড়া।
০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), ........, বগুড়া। তাকে উপরোক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ, বিকাল ৪.০০টায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা ও ইফতার মাহফিলের ব্যবস্থা করাসহ ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৪ যথাযথ মর্যাদায় পালনের নির্দেশনা বাবস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।
০৩। দপ্তর নথি।

১৯/০৩/২৪
(মোঃ হযরত আলী)
জেলা শিক্ষা অফিসার
বগুড়া।